গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ গোলাম ফেরদৌস, প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময়ঃ | | ২৬ সেপ্টেম্বর ২০২৪ সময়: বেলা ১১ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রাক্কলন প্রস্তুত করতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে তাদের স্ব-স্ব এলাকায় ড্রেনেজ ব্যবস্থা সংস্কারসহ অন্যান্য জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। সভায় চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান মানিক কাজী ঘাটপাড় ব্রীজের পশ্চিম পাড় অংশ প্রায় ভেঙ্গে গেছে। এতে করে যানবাহনসহ লোক চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ব্রীজটি জনস্বার্থে জরুরী ভিত্তিতে মেরামত/প্রয়োজনীয় সংস্কারের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। মানিক কাজী ঘাটপাড় ব্রীজটি সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় মেরামত/সংস্কারের জন্য সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান উপজেলা পরিষদের ৩ ও ৫নং ভবন দুইটি বিগত এরশাদ সরকারের আমলে নির্মিত। ভবন দুইটি বর্তমানে ব্যবহার অনুপযোগি হয়ে পড়েছে। দীর্ঘদিন যাবৎ পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। দিন দিন ভবন দুইটি থেকে পলেস্তারা খুলে যাচ্ছে। এমতাবস্থায় ভবন দুইটি কনডেমেশন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের ৩ ও ৫নং ভবন দুইটি জরুরী ভিত্তিতে কনডেমেশন ঘোষণা নিমিত্ত সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(গ) সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান এ উপজেলায় পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ সমাপ্ত হওয়ায় ইতোমধ্যে হস্তান্তর করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের পিইডিপি-৪ প্রকল্পের ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণি কক্ষ নির্মাণ অনুমোদন পাওয়া গেছে। তাছাড়া তিনি সভায় আরো জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত ০৩ (তিন) টি প্রকল্প এবং জোড়াবাড়ি খাত হতে ০১(এক)টি গ্রহণ করা যেতে পার। প্রকল্পগুলো জনস্বার্থে গ্রহণ করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলীর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনস্বার্থে নিম্নোক্ত ০৩ (তিন)টি প্রকল্প এবং জোড়াবাড়ি খাত হতে ০১(এক)টি প্রকল্প গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গ্রহণকৃত প্রকল্পের নামঃ**

| ক্রঃ নং | প্রকল্পেরনাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ হলরুমে চেয়ার সরবরাহ করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০২ | উপজেলা পরিষদ ভবনের জানালা মেরামত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০৩ | ভূরুঙ্গামারী উপজেলা পরিষদ চত্বরে মাঠে মাটি দ্বারা ভরাট করণ এবং ইউনিব্লক এর পাশে গাইড ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | মোট= | ৬০০০০০.০০ | |

জোড়া বাড়ি খাত হতে গ্রহণকৃত প্রকল্পের নামঃ

| ক্রঃ নং | প্রকল্পেরনাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের আওতাধীন জোড়াবাড়ী কোয়ার্টার মেরামত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে উপরিউক্ত ৪টি প্রকল্প যথাক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ও জোড়াবাড়ি খাত হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। বিগত বন্যায় বানভাসি মানুষের জন্য পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট বিতরণ করা হয়েছে। তাছাড়া হাসপাতালে আগত রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।
সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬। উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।
সিদ্ধান্ত ঃ রিসোর্স সেন্টারের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি অফিসার সভায় জানান চলতি মৌসুমে এ উপজেলায় ১৬৮৫০ হেক্টর জমিতে আমন আবাদ হয়েছে। মাঠে আমন আবাদের অবস্থা ভালো। তিনি সভায় কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণের নিমিত্ত প্রকৃত কৃষকদের তালিকা ইউনিয়ন পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাদের সমন্বয়ে প্রস্তুত করতঃ জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ আমন ধান উৎপাদনে কৃষকদেরকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করাসহ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে ইউপি চেয়ারম্যানগণের সমন্বয়ে প্রকৃত কৃষকদের তালিকা প্রস্তুত করার দিক নির্দেশনা প্রদান করতে উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থা অত্যন্ত নিম্নমানে চলে গেছে। শিক্ষার মান উন্নীত পর্যায়ে আনয়নের জন্য উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাগনকে প্রতিমাসে একটি করে মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য সভায় অনুরোধ জানানো হয়।
সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ মাধ্যমিক পর্যায়ের সকল পুরাতন বই নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/বিভাগীয় দপ্তর প্রধান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২। উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬। ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭। উপজেলা সমাজসেবা দপ্তর ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার সমাজসেবা বিভাগসহ অন্যান্য দপ্তর তথা ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সকল ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিভিন্ন ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/বিভাগীয় সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯। কাস্টমস বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান চলতি অর্থ বছরে টি.আর/কাবিখার বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কর্মসূচি প্রণয়ন করা হবে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১। মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ মৎস্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২। পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩। সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪। আইসিটি বিভাগঃ

উপজেলা আইসিটি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণকে তাদের স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্যও তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আইসিটি অফিসার/সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫। বনবিভাগ ঃ

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭। উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখাসহ জনগণের কাঙ্খিত সেবা নিশ্চিত করার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ

বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় বীর মুক্তিযোদ্ধাদের বিষয়ে কোন তথ্য জানা গেল না।

সিদ্ধান্ত ঃ বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯। বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।
বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০। পাথরডুবী ইউনিয়ন পরিষদ সংক্রান্ত ঃ

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান থানাঘাট বাজারের হাট সেড অতীব পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ থানাঘাট বাজারের হাট সেড অপসারণ সংক্রান্ত বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

৩১। ভূরুঙ্গামারী উপজেলায় উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণঃ

সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান ভূরুঙ্গামারী উপজেলায় উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের বাস্তব সম্মত চাহিদা রয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে বিভিন্ন ফোরামে ব্যাপক আলাপ-আলোচনা হয়েছে। বিভিন্ন পর্যায়ে আলাপ-আলোচনায় সকলেই ভূরুঙ্গামারী উপজেলায় উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের উপর ঐক্যমত পোষণ করেছেন। আলোচ্য বিষয়টি নিয়ে আজকের সভাতেও সকল সদস্য জানান উপজেলাধীন দেওয়ানের খামার মৌজায় উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি পাওয়া যাবে। সভায় ভূরুঙ্গামারী উপজেলায় উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রকল্পটি "আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প" এর আওতায় থেকে বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
সিদ্ধান্ত ঃ দেওয়ানের খামার মৌজায় প্রস্তাবিত উপজেলা বহুমূখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের স্থান সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় তথ্যাবলী সম্বলিত প্রাক্কলন দাখিলের জন্য সভায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভূরুঙ্গামারী ইউনিয়ন ভূমি অফিস ও সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে দায়িত্ব প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ প্রকল্প পরিচালক, "আমার গ্রাম-আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন প্রকল্প",ঢাকা/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভূরুঙ্গামারী ইউনিয়ন ভূমি অফিস/ সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২। উপজেলা পরিষদ সংক্রান্ত বিবিধ আলোচনাঃ

(ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান উপজেলা পরিষদের জোড়াবাড়ি ও উপজেলা পরিষদের আবাসিক ভবনে বর্তমানে ইসলামিক ফাউন্ডেশন দপ্তর এবং তথ্য আপা প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। দপ্তর দু'টি উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে স্থানান্তর করা হলে জোড়াবাড়ি ও উপজেলা পরিষদের আবাসিক ভবনটি ভাড়া প্রদান করা যেতে পারে। এতে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশন দপ্তর এবং তথ্য আপা প্রকল্পের দপ্তর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন/তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত আগস্ট/২০২৪ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।

মাসের নাম ঃ আগস্ট/২০২৪

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | মোছাঃ আয়শা বেগম, ইউপি সদস্য, তিলাই। ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ২টি মেরামত/সংস্কার করণ (ভ্যাটসহ)। | ১০০০০০/- |
| ২. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪ মাসের (আংশিক) সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ২৬১২৯/- |
| ৩. | জনাব মোঃ শাহজাহান আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪মাসের (আংশিক) সম্মানী ভাতা বিল প্রদান | ১৫৬৭৭/- |
| ৪. | জনাব মোছাঃ ফরিদা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪ মাসের (আংশিক) সম্মানী ভাতা বিল প্রদান | ১৫৬৭৭/- |
| ৫. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪ মাসের (আংশিক) ভ্রমণ বিল প্রদান | ৬৮৭৫/- |
| ৬. | জনাব মোঃ শাহজাহান আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪ মাসের (আংশিক) ভ্রমণ বিল প্রদান | ৫৫০০/- |
| ৭. | জনাব মোছাঃ ফরিদা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে আগস্ট/২০২৪ (আংশিক) মাসের ভ্রমণ বিল প্রদান | ৫৫০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে উপজেলাধীন ইউপি চেয়ারম্যানগণকে প্রত্যেক ক্ষেত্রে তাদের সক্ষতা অনুযায়ী দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করতঃ গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
প্রশাসক
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৪-৯২৯

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬। উপজেলা ............................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। জনাব ..............................................................................................................................
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।